

আল-আনফাল | Al-Anfal | آلنفال

আয়াতঃ ৮ : ১৫

আরবি মূল আয়াত:

يَا يَهَا الَّذِينَ أَمْنُوا إِذَا لَقِيْتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُولُّوْهُمُ الْأَدْبَارَ

১৫

A | ✎ অনুবাদসমূহ:

হে মুমিনগণ, তোমরা যখন কাফিরদের মুখোমুখি হবে বিশাল বাহিনী নিয়ে, তখন তাদের থেকে পৃষ্ঠ প্রদর্শন করো না। — আল-বায়ান

হে মুমিনগণ! তোমরা যখন যোদ্ধা-বাহিনীরপে কাফিরদের সম্মুখীন হও, তখন তাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করবে না। — তাইসিরহল

হে ঈমানদারগণ! তোমরা যখন কাফির বাহিনীর সম্মুখীন হবে তখন তাদের মুকাবিলা করা হতে কখনোই পৃষ্ঠ প্রদর্শন করবেনা। — মুজিবুর রহমান

O you who have believed, when you meet those who disbelieve advancing [for battle], do not turn to them your backs [in flight]. — Sahih International

১৫. হে মুমিনগণ! তোমরা যখন কাফের বাহিনীর সম্মুখীন(১) হবে পরস্পর নিকটবর্তী অবস্থায়, তখন তোমরা তাদের সামনে পিঠ ফিরাবে না;

(১) এ আয়াতে **زحف** শব্দের মর্মার্থ হলো, উভয় বাহিনীর মোকাবেলা ও সংঘর্ষ। দুটি দল পরস্পর নিকটবর্তী হওয়া। [ফাতহল কাদীর] আয়াতের অর্থ এমনভাবে যুদ্ধ আরম্ভ হয়ে যাবার পর পশ্চাদপসরণ এবং যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যাওয়া মুসলিমদের জন্য জায়েয নয়। আল্লাহ্ তা'আলা এর থেকে ঈমানদারদেরকে নিষেধ করছেন। [ফাতহল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৫) হে বিশ্বাসীগণ! তোমরা যখন (যুদ্ধকালে) অবিশ্বাসী বাহিনীর সম্মুখীন হবে, তখন (তাদের মুকাবিলা করতে) পৃষ্ঠপ্রদর্শন করো না।[1]

[1] **زحف** এর অর্থ হল এক অন্যের সম্মুখীন হওয়া। অর্থাৎ, মুসলিম ও কাফের যখন এক অপরের সম্মুখীন হবে, তখন পৃষ্ঠপ্রদর্শন করার অনুমতি নেই। একটি হাদীসে বর্ণিত হয়েছে, **إِجْتَنِبُوا السَّبْعَ الْمُوْبَقَاتِ** সাতটি ধৰ্মসকারী

পাপ হতে বাঁচ, এই সাতটির মধ্যে একটি হল **يوم التولى** (التولى) শক্ত সম্মুখীন অবস্থায় পৃষ্ঠপ্রদর্শন করা (পলায়ন করা)। (বুখারীঃ কিতাবুল অসা-ইয়া, মুসলিমঃ ঈমান অধ্যায়)

তাফসীরে আইসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1175>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন